

আমদানিকৃত কিছু কিছু উৎপাদনসামগ্রীতে সীসা রয়েছে

সীসা একটি বিষ যা ব্রেন, নারভাস সিস্টেম, কিডনি এবং রীপডাকটিভ সিস্টেমের ক্ষতিগ্রস্ত করে। এছাড়াও সীসার বিষক্রিয়ায় শিশুদের শিক্ষাগ্রহণের ও আচরণগত সমস্যা হতে পারে এবং মায়েদের গর্ভধারণকালীন সময়ে সমস্যা হতে পারে।

শিশুদের সীসার বিষক্রিয়ার আক্রান্ত হওয়ার সবচেয়ে সাধারণ কারণ হচ্ছে খসে পড়া রং থেকে বের হওয়া সীসার কণা। এছাড়া অন্যান্য দেশে তৈরি পণ্যসামগ্রীসহ অন্যান্য বস্তুতেও সীসা পাওয়া যেতে পারে, সীসা পাওয়া গেছে এমন কয়েকটি উৎপাদিত পণ্যের নাম এখানে দেয়া হলো।

স্বাস্থ্য পুনরুদ্ধারের ঔষধ (Health Remedies)



মধ্যপ্রাচ্য, ল্যাটিন আমেরিকা, চীন ও ভারত থেকে আসা ভেষজ ঔষধে উচ্চ মাত্রার সীসা পাওয়া গেছে। ব্যবহারকারীদের পক্ষে এটা বলা শক্ত যে কোন ঔষধগুলি সুরক্ষিত এবং কোনগুলি বিপজ্জনক। ঔষধগুলির মধ্যে সীসার নাম লেখা না থাকলেও ওতে সীসা থাকতে পারে।

নিচের ঔষধগুলো নিউ ইয়র্ক সিটিতে বিক্রি করা নিষিদ্ধ করা হয়েছে – এগুলো ব্যবহার করবেন না!

- এমপারারস্ টি পিল (Emperor's Tea Pill)
- হেপাটিকো এক্সট্রাক্ট (Hepatico Extract)
- জামব্রুলিন (Jambrulin)
- লক্ষ্মীবিলাস রাস (নার্দিয়া) [Lakshmvilash Ras (Nardiya)]
- লিটার্জিরিও (Litargirio)
- মহা সুদর্শন (Maha Sudarshan)
- রূপা দ্বারা সমৃদ্ধ করা মহাইয়োগারাজ গুগুলু (Mahayogaraj Guggulu enriched with silver)

মৃৎশিল্প (Pottery)



ল্যাটিন আমেরিকা ও এশীয়ার থেকে আনা মৃৎশিল্পের (Pottery) গায়ে আঁকা রঙে অনেক সময় বেশী পরিমাণে সীসা পাওয়া যায়।

এই সকল দেশগুলো থেকে আসা মৃৎপাত্রের কখনোই খাবার রান্না, সংরক্ষণ বা পরিবেশন করবেন না।

প্রসাধন দ্রব্য (Cosmetics)



ভারত, পাকিস্তান, বাংলাদেশ ও মধ্যপ্রাচ্যের দেশগুলোর মহিলা ও শিশুরা কোল, কাজল ও সুর্মা চোখের প্রসাধন সামগ্রী হিসেবে ব্যবহার করে থাকেন। এগুলোতে উচ্চ মাত্রার সীসা রয়েছে এবং যুক্তরাষ্ট্রে বিক্রি করা নিষিদ্ধ করা হয়েছে।

শিশুরা বিশেষভাবে ঝুঁকির মধ্যে রয়েছে কারণ এই প্রসাধন দ্রব্যগুলো ছোঁয়ার পর তারা তাদের হাত মুখে দিতে পারে। চোখের মধ্য দিয়ে কিছু সীসা শোষিত হতে পারে।

বিবাহিতা হিন্দু ও কিছু শিখ মহিলারা যেই সিঁদুর ব্যবহার করে, একটি লাল পাউডার, তাতেও বেশী পরিমাণে সীসা পাওয়া গেছে। এটি কখনোই খাবারে ব্যবহার করা উচিত নয়।

কোল, কাজল বা সুর্মা ব্যবহার করবেন না। সিঁদুর শিশুদের নাগালের বাইরে রাখবেন।

Mexican Candies (মেক্সিকান ক্যান্ডি)



ট্যামারিন্ড
(Tamarind)



চাকা চাকা
(Chaca Chaca)



চ্যাপুলিন্স
(Chapulines)

সাধারণত মেক্সিকান ক্যান্ডি ও নাস্তা সামগ্রী (snacks) খাওয়া নিরাপদ। কিন্তু কিছু কিছু মেক্সিকান ক্যান্ডিতে সীসা পাওয়া গেছে, বিশেষকরে যে সব ক্যান্ডিতে লঙ্কার গুড়া ব্যবহার করা হয়ে।

কিছু মেক্সিকান ক্যান্ডির মোড়কে ব্যবহৃত কালিতে এবং মাটির পাত্রে বিক্রি করা কিছু তেঁতুলের ক্যান্ডিতে সীসা পাওয়া গেছে। মোড়ক বা মাটির পাত্রে সীসা ক্যান্ডিতে চলে যেতে পারে।

আপনি এই ধরনের ক্যান্ডি ও নাস্তা সামগ্রী পরিহার করতে পারেন।

অলঙ্কার, খেলনা ও শিশুদের অন্যান্য পণ্যসামগ্রী



নেকলেস
(Necklace)



লাঞ্চ বক্স
(Lunch box)



খেলনা
(Toys)

শিশুদের অলঙ্কার, খেলনা, ভিনাইল লাঞ্চ বক্স (vinyl lunch box) এবং অন্যান্য শিশুদের জিনিষের রঙে কিমবা ধাতব ও প্লাস্টিক অংশতে সীসা পাওয়া গেছে। এই উপাদানগুলির অনেকগুলোই চীন থেকে আসে।

যে সব ছোট শিশু তাদের হাত ও খেলনা তাদের মুখে ভরে দেয়, তাদের ঝুঁকির পরিমাণ সবচেয়ে বেশি। কিছু উৎপাদিত সামগ্রী আবার শ্বাসরুদ্ধ করার জন্য ঝুঁকিপূর্ণ।

নিষিদ্ধ জিনিষগুলোর সম্পর্কে আরো তথ্যের জন্য, U.S. Consumer Product Safety Commission (ইউ.এস. কনজুমার প্রোডাক্ট স্ফটি কমিশন)-এর ওয়েবসাইট www.cpsc.gov দেখুন।


আপনার কী করা উচিত যদি আপনি এই উপাদানগুলি ব্যবহার করে থাকেন



এগুলোর ব্যবহার
বন্ধ করুন



রক্তে সীসার মাত্রা পরীক্ষা করার
জন্য আপনার ডাক্তারকে বলুন



যদি আপনার কোনো ডাক্তার না
থাকে, তাহলে 311 নম্বরে ফোন করুন

আরো তথ্যের জন্য, 311 নম্বরে ফোন করুন এবং Lead Poisoning Prevention Program (লেড পয়জনিং প্রিভেনশন প্রোগ্রাম) সম্পর্কে জিজ্ঞাসা করুন অথবা nyc.gov/lead ওয়েবসাইট দেখুন